



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর  
শাখা-৪



জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেবেল-১৫, ৬২/৩, পুরানা  
পল্টন, ঢাকা-১০০০।  
www.ccie.gov.bd

নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.২২.০০১.২১.৩৮৭

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৮

২৯ আগস্ট ২০২১

### গণবিজ্ঞপ্তি

বিষয়: আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক জারিকৃত বিভিন্ন ধরনের নিবন্ধন ও নবায়ন ফি এর বিপরীতে আদায়যোগ্য মূল্য সংযোজন কর (মুসক) এর জন্য একটি মাত্র কোড নির্ধারণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের পত্রের অনুরোধে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক স্মারক নং-০৮.০১.০০০০.০৬৮.২৫.০১০.১৬-২১৫ তারিখ: ৫ আগস্ট, ২০২১ খ্রি: এর পত্রের মাধ্যমে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের আওতাধীন সকল আঞ্চলিক দপ্তর হতে বিভিন্ন ধরনের আমদানি ও রপ্তানি সনদ নিবন্ধন ও নবায়ন ফিসের বিপরীতে গৃহীত ফি এর বিপরীতে ১৫% মূল্য সংযোজন কর (মুসক) গ্রহণের জন্য একটি মাত্র কোড ১/১১৩৩/০০১০/০৩১১ নির্ধারণ করা হয়েছে।

২। বর্ণিত অবস্থায়, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের আওতাধীন সকল আঞ্চলিক দপ্তর হতে বিভিন্ন ধরনের আমদানি ও রপ্তানি সনদ নিবন্ধন ও নবায়ন ফি প্রদানের জন্য কোড ১/১৭৩১/০০০১/১৮০১ এবং ফি এর বিপরীতে ১৫% মূল্য সংযোজন কর (মুসক) প্রদানের জন্য ভ্যাট কোড ১/১১৩৩/০০১০/০৩১১ ব্যবহার করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, এ সংক্রান্ত এ দপ্তর হতে ইতোপূর্বে জারিকৃত গণবিজ্ঞপ্তির স্মারক নং-২৬.০৩.০০০০.০০৪.২২.০০১.২১.১৩৭ তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রি: বাতিল করা হলো।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২৯-৮-২০২১

মোঃ আওলাদ হোসেন  
নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)

নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.২২.০০১.২১.৩৮৭/১(৫৭০)

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৮

২৯ আগস্ট ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা।
- ২) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা- ১০০০।
- ৩) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) বিভাগীয় কমিশনার (সকল)
- ৬) ম্যানেজিং ডিরেক্টর, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০ (সকল শাখাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৭) জেলা প্রশাসক (সকল)
- ৮) প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০, মতিঝিল, ঢাকা (সকল চেম্বার/ট্রেড এসোসিয়েশনকে অবগত করার অনুরোধসহ)।
- ৯) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০) দপ্তর প্রধান, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের সকল আঞ্চলিক দপ্তর।
- ১১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ১২) জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩) প্রধান নিয়ন্ত্রকের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪) মাস্টার ফাইল, শাখা- ৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।



২৯-৮-২০২১

মোঃ আওলাদ হোসেন  
নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব)